

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০৯.১৯-২১৯৪

তারিখঃ ১৭-০৯-২০১৯ খ্রি.
০২-০৬-১৪২৬ বং

অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর “ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট (বারি অংগ)” শীর্ষক প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং-২৩০/২০১৬ এর ২৮-০৮-২০১৬ তারিখে প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক রীটকারীগণকে রাজস্বখাতের পদে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, পিটিশনারদের রাজস্বখাতে আত্মীকরণের বিষয়ে 18MLR (AD) 372 এর আলোকে তিনটি পর্যবেক্ষণ অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রীট পিটিশন নং-২৩০/২০১৬ এর বিরুদ্ধে সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগে সিপিএলএ নং-২৩২৪/২০১৭ ও সিপিএল নং-৮৯২/২০১৭ দায়ের করা হলে মহামান্য আপীল আদালত শুনানী শেষে যথাক্রমে ২৫-০৩-২০১৮ ও ০২-০৪-২০১৭ তারিখ আপীলটি ডিসমিস করেন। তৎপ্রেক্ষিতে সিপিএলএ রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে ৩৭/২০১৮ নং সিআরপি মামলা দায়ের করলে শুনানীঅন্তে মহামান্য আদালত ১১-১০-২০১৮ তারিখ কয়েকটি শর্ত আরোপ করে রীটকারীগণকে রাজস্বখাতে আত্মীকরণের আদেশ প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-২৩০/২০১৬ ও মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-২৩২৪/২০১৭ ও ৮৯২/২০১৭ রায় সার্বিক বিবেচনায় রীটকারীদের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রম এবং বর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকরিতে রাজস্বখাতে আত্মীকরণ (Absorb) করা হলো।

ক্রমিক	নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ	পদবী	মূল বেতন ও বেতনক্রম/২০১৫	নিজ জেলা	পদায়নকৃত কর্মস্থল	মন্তব্য
১।	কাজী নজরুল ইসলাম পিতা- কাজী মোতাহার উদ্দিন মাতা- মনোয়ারা বেগম, গ্রামঃ ওয়ার্ড নং-০৭, শান্তিবাগ, হাসপাতাল রোড, বাউফল পৌরসভা, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী জন্ম তারিখ: ০১-০৪-১৯৭৪	বৈজ্ঞানিক কর্মকর্তা	২২০০০/- ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)	পটুয়াখালী	আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, পটুয়াখালী	

শর্তাবলীঃ

- যোগদানের তারিখ হতে আত্মীকরণ কার্যকর করা হবে এবং প্রচলিত বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবে।
- চাকরিতে যোগদানের সময় ডোপটেস্টসহ জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- মহামান্য আদালতের আদেশের নির্দেশনা মোতাবেক ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে ইনস্টিটিউটে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।
- সিপিএলএ মামলা নং-২৩২৪/২০১৭ তারিখঃ ২৫-০৩-২০১৮ এবং সিআরপি মামলা নং-৩৭/২০১৮ অনুযায়ী মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ১১-১০-২০১৮ তারিখের রায়, সিআরপি মামলা নং-২৮৯/২০১৭ অনুযায়ী মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ১০-০৭-২০১৭ তারিখের রায় এবং সিআরপি মামলা নং-৫৯২/২০১৭ অনুযায়ী মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ২৬-১১-২০১৭ তারিখের রায়ে উদ্ধৃত “Continuity of Service and other benefits are expunged” অর্থাৎ আপনাকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা এবং অন্যান্য (আর্থিকসহ) সুবিধা প্রদান করা হবে না।
- এতদ্বিষয়ে সংশ্লিষ্ট মামলাসমূহ প্রত্যাহারপূর্বক সার্টিফাইড কপি সহ পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।
- আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতা নীতিমালা অনুসরণ করে প্রার্থীদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।
- প্রাথমিক অবস্থায় তিনি ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর তাকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।
- শিক্ষানবীশ থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।

